



## ধন্যবাদ দিবসের ২০২১

প্রিয় ভাই ও বোনেরা,

অধিকাংশ দেশে, বিভিন্ন ঋতু দেখা যায়। যার ফলে আমরা গরম, ঠান্ডা, বর্ষা, শুকনো আবার সব কিছুই সমারোহ বা মিলন দেখতে পাই। প্রত্যেক ঋতু সৃষ্টিতে যে অবদান রাখে তার দ্বারা আমাদের প্রয়োজনীয় দ্রব্যগুলি উৎপন্ন হয় বা ফসলগুলি সংগ্রহ করি। এই ঋতু পরিবর্তনের ফলে আমাদের জীবন ধারণের প্রয়োজনীয় দ্রব্যগুলি সরবরাহ হয়, পুষ্টি সাধন হয় ও আমরা প্রতিপালিত হই। কি অদ্ভুত আমাদের ঈশ্বর, সৃষ্টিকর্তা, যিনি এত সুন্দর করে সবকিছু সৃষ্টি করেছেন (আদিপুস্তক ২:৩- ধন্যবাদ দিবসের জন্য বাইবেল পাঠ)।

আমাদের জীবনেও বিভিন্ন ঋতুর মত নানান পরিস্থিতির উদ্ভব হয়; খুব ভালো সময়, কঠিন সময়গুলি এবং প্রতিকূলতা ও দুর্দশার সময়গুলিও হতে পারে। আর এই পরিস্থিতিগুলির মধ্যে বিশ্বব্যাপী কোভিড সংক্রমণ অবশ্যই অন্যতম। যাইহোক, এই পরিস্থিতিগুলি যেন ঈশ্বরের আশীর্বাদ গুলিকে ভুলে যাবার কারণ না হয়ে দাঁড়ায় ... যেহেতু আমরা জানি যে যারা ঈশ্বরকে প্রেম করে, যারা তাঁর সঙ্কল্প অনুসারে আছেন, তাদের পক্ষে সকলই মঙ্গলার্থে এক সঙ্গে কাজ করে থাকে (রোমীয় ৮: ২৮)। ঈশ্বর আমাদের সঙ্গে থাকেন! আমরা অবিরত তাঁর প্রশংসা ও ধন্যবাদ করি:

- ঈশ্বর, পিতা যিনি বিশ্বস্তভাবে তাঁর সৃষ্টির প্রতি লক্ষ্য রাখেন।
- ঈশ্বর, পুত্র যার বলিদান ও পুনরুত্থান আমাদেরকে ঈশ্বরের রাজ্যে প্রবেশের অধিকার দিয়েছে।
- ঈশ্বর, পবিত্র আত্মা যিনি খ্রীষ্টেতে আমাদেরকে নতুনরূপে সৃষ্টি করেছেন এবং ঈশ্বরের সঙ্গে অনন্ত সহভাগিতার জন্য পবিত্র করেছেন।

ঈশ্বর যে আমাদের জীবনে মহান কাজগুলি সাধন করেছেন এসবের জন্য সময় নিয়ে চিন্তা ও ধ্যান করা আমাদের পক্ষে মঙ্গল।

আমাদের কৃতজ্ঞতা প্রকাশের অনেক উপায় আছে। এই কৃতজ্ঞা শুধুমাত্র ভাষার দ্বারা নয় কিন্তু আমাদের কার্যকলাপের দ্বারা হওয়া উচিত।

### ক. রবিবারকে পবিত্র জ্ঞান করা

এই অতিমারী সময়ে কেউ কেউ খুব অল্প সময় তাদের জীবনে পেয়েছে আবার অনেকে আচ্ছন্নতার মধ্যে তাদের জীবনের বিশৃঙ্খল অবস্থার ভারসাম্য বজায় রাখতে চেয়েছে। এটা আকাঙ্ক্ষা করা গুরুত্বপূর্ণ যে আমাদের সময়কে ধ্যান, প্রার্থনা এবং ডিভাইন সার্ভিসের জন্য ব্যবহার করি। আমাদের কাজের জন্য, বাধ্যবাধকতা ও বিনোদনের জন্য সময়গুলিকে বরাদ্দ করা প্রয়োজন। মরিয়ম ও মার্থার কাহিনী আমাদের দর্শায় যে “ভালো কাজের জন্য” সময়কে অবশ্যই নির্ধারণ করা দরকার। এর অর্থ খ্রীষ্ট ঈশ্বরের সঙ্গে সংযোগ স্থাপনের সময় ঠিক করা, ব্যক্তিগত পবিত্রীকরণের প্রচেষ্টা ও ঈশ্বরের বাক্যের প্রতি মনোনিবেশ করা এবং ডিভাইন সার্ভিসে পবিত্র প্রভুর ভোজে অংশগ্রহণের প্রয়াস করা। এইভাবে আমরা স্তুতি প্রশংসা ব্যক্ত করি ও রবিবারকে পবিত্ররূপে মান্য করি।

### খ. সৃষ্টিকে আদর করা

সৃষ্টির প্রতি আমরা প্রেম ও জ্ঞান পূর্বক আচরণ করব। বর্তমান দিনে, পরিবেশ সঙ্কটে, আবহাওয়ার পরিবর্তনের বিষয়ে এবং প্রাকৃতিক সম্পদগুলির অপব্যবহারের বিষয়ে বিশ্বব্যাপী বিরাট বিতর্ক চলছে। সৃষ্টিকে রক্ষা করার জন্য নানান পদ্ধতি ও আইন নির্ধারণ করা হচ্ছে। এই বিষয়ে शामिल হওয়া আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ এবং আমাদের সন্তানদের ও আগামী প্রজন্মদের ভবিষ্যৎ নিরাপত্তার জন্য এই কাজে অংশগ্রহণ জরুরী। একই ভাবে আমাদের প্রতিবাসীদেরকে शामिल করা প্রয়োজন, কারণ আমরা ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট হয়েছি। সকল মানুষকে, তারা কোথা থেকে এসেছে, তাদের সংস্কৃতি অথবা তাদের সামাজিক অবস্থান কি এসবের বিবেচনা না করে সকলকে সমানভাবে সম্মান করা উচিত। যেভাবে যীশু শিক্ষা দিয়েছেন: আমরা অন্যদের কাছ থেকে যে ধরনের আচরণ বা যা আশা করি তাদের প্রতিও একই ব্যবহার করব (মথি ৭: ১২, লূক ৬: ৩৭)। আমরা সুসমাচারের মানদণ্ডের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ যা হল ভালবাসা, সহনশীলতা, ক্ষমাশীলতা এবং হিংসা ও অন্যায়কে পরিত্যাগ করা।

### গ. কাজ, দান এবং ত্যাগস্বীকার

নিউ এ্যাপোস্টলিক খ্রীষ্টিয়ান হিসেবে, এই ধারণা আমাদের কাছে অজানা নয়। একেবারে শুরু থেকেই ও বাইবেলের ইতিহাস জুড়ে, কাজ করার আহ্বান দেখতে পাই। বশ্যতা বা নির্ভরতা কোন নৈতিক বাধ্যবাধকতা থেকে নয় কিন্তু আমাদের কৃতজ্ঞতাপূর্ণ হৃদয় থেকেই আসে। আমরা অনুদান রাখতে চাই, সেবা করতে চাই, কাজে লিপ্ত থাকতে চাই এবং আমাদের ত্যাগস্বীকার উৎসর্গ করতে চাই। এটা সরাসরি ঈশ্বরের অনুগ্রহকে উপলব্ধি করার ফল, আমাদের জীবনে তাঁর আশীর্বাদ, এবং খ্রীষ্ট ঈশ্বরের প্রতি আমাদের ভালবাসার ফল।

পরিশেষে, কানাডা জেলার থেরিওবন্দ এবং বিশপদের সঙ্গে মিলিত ভাবে, এক আশীর্বাদপূর্ণ ধন্যবাদ পর্ব ও ঈশ্বরের মহত্তর আশীর্বাদ আপনাদের ও আপনাদের পরিবারের এবং মন্ডলী সকলের প্রতি কামনা করি।

আপনাদের অকৃত্রিম

মার্ক উল